৪। (ক) 'একটি মোরগের কাহিনী' কবিতায় কবি সুকান্ত ভট্টাচার্য যে মোরগের কাহিনী বর্ণনা করেছেন সে সম্পর্কে লেখো। প্রসঙ্গক্রমে কবিতাটিতে মোরগ কীসের প্রতীক হয়ে উঠেছে সে বিষয়ে যথাযথ আলোচনা করো। ৬+৪=১০

*অথবা*

(খ) 'আত্মবিলাপ' কবিতা অবলম্বনে কবির বিলাপের কারণ সম্পর্কে লেখো। ১০

৫। (ক) 'রজনী' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

(খ) 'রজনী' উপন্যাসের অমরনাথ চরিত্রের বিশেষত্ব আলোচনা করো।

৬। (ক) রোকেয়া সাখাওয়াত হোসেন তাঁর 'স্ত্রীজাতির অবনতি' প্রবন্ধে নারীজাতির অবনতির কারণ সম্পর্কে যে অভিমত ব্যক্ত করেছেন তা বুঝিয়ে লেখো। ১০

*অথবা*

(খ) রাজশেখর বসু অপবিজ্ঞান বলতে কী বোঝাতে চেয়েছেন তা তোমার পঠিত 'অপবিজ্ঞান' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

৭। (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'ক্ষণিকা' কাব্যগ্রন্থের 'একটি মাত্র' কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(খ) 'রজনী' উপন্যাসে প্রতিফলিত সমাজজীবনের পরিচয় দাও।

★ ★ ★





**2021**

( Held in 2022 )

# BENGALI

Paper : BEN–HC–5016

( Honours Core )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : ১×১০=১০

(ক) কবি ফিরে আসার সময় বনের মধ্যে কী ফল পেয়েছিলেন?

( আঙুর / নাসপাতি / আপেল / আম )

(খ) "…. বেতের ফলের মতো তার _____ চোখ মনে আসে ;" শূন্যস্থানের শব্দটি হল —

( স্নিগ্ধ / ম্লান / মৃত / সুন্দর )

(গ) কবি দিনেশ দাস 'এ-যুগের চাঁদ' বলতে কোন্ জিনিসকে বুঝিয়েছেন?

( কোদাল / ধানের শীষ / কাস্তে / লাঙ্গল )

(ঘ) "একাকী আসিতে হ'লো—সাহসিকা অপ্সরার মতো।" 'সাহসিকা অপ্সরা' বলতে কাকে বোঝানো হয়েছে?

( চম্পা / উর্বশী / মেনকা / চাঁদ )

(ঙ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'রজনী' উপন্যাসের খণ্ড সংখ্যা হল
( পাঁচ / ছয় / সাত / আট )

(চ) 'রজনী' উপন্যাসে চম্পকলতার স্বামীর নাম হল
( হীরালাল / গোপাল বসু / রাজচন্দ্র দাস / বিষ্ণুরাম )

(ছ) ''আমি রজনীর বিবাহের সকল উদ্যোগ করিয়াছিলাম।''
এখানে 'আমি' হলেন
( রামসদয় মিত্র / হরেকৃষ্ণ দাস / শচীন্দ্র / রাজচন্দ্র দাস )

(জ) দীনেশচন্দ্র সেনের মতে 'বিদ্যাসুন্দর' কাব্যের রচয়িতা কবি কঙ্ক ছিলেন
( চৈতন্য-পূর্ববর্তী কালের / চৈতন্যকালের / চৈতন্য-পরবর্তী কালের / উনিশ শতকের )

(ঝ) বঙ্গভঙ্গের সময় মেয়েদের কাচের চুড়ি বর্জন করার পর যে স্বদেশী পণ্য দেখা দিয়েছিল সেটি হল
( আলুর চুড়ি / লোহার চুড়ি / সোনার চুড়ি / তামার চুড়ি )

(ঞ) রাজশেখর বসুর উল্লেখমতে কোন্ পোকার প্রদীপে পোড়া ধোঁয়া বিষাক্ত?
( জোনাকী পোকা / কাটুঁই পোকা / গুবরে পোকা / লেদা পোকা )

২। সংক্ষেপে উত্তর দাও : ২×৫=১০

(ক) ''আকুল ঘ্রাণে নিইনি তাহার
শীতল পরিমল।''
কবি কীসের 'শীতল পরিমল' নেননি এবং কেন নেননি?





(খ) ''কাজেই দুর্বলতর মোরগের খাবার গেল বন্ধ হ'য়ে।''
মোরগের খাবার বন্ধ হওয়ার কারণ লেখো।

(গ) শচীন্দ্রনাথের পিতার নাম কী? তার পূর্বপুরুষের বাসস্থান কোথায় ছিল?

(ঘ) অমরনাথের সঙ্গে কার বিবাহের সম্বন্ধ হয়েছিল? সেই বিবাহ ভেঙে যাওয়ার কারণ কী?

(ঙ) সেলিউলয়েড কী? 'অপবিজ্ঞান' প্রবন্ধে এটির ব্যবহার সম্পর্কে প্রাবন্ধিক যা বলেছেন লেখো।

৩। উত্তর দাও (যে কোনো **চারটি**) : ৫×৪=২০

(ক) জসীমউদ্দীনের 'রাখালী' কবিতা অবলম্বনে সাঁঝের বেলা জল ভরতে যাওয়া মেয়েটিকে দেখে চাষার ছেলের মনে যে ভাবনার উদয় হয়েছিল সে সম্পর্কে আলোচনা করো।

(খ) ''উগ্র মদ্য-সম রৌদ্র,—যার তেজে বিশ্ব মুহ্যমান,—
বিধাতার আশীর্বাদে আমি তা সহজে পান করি।''
এখানে কার কথা বলা হয়েছে? প্রসঙ্গক্রমে উদ্ধৃতাংশটি বিশদ করো।

(গ) বাঞ্ছারাম মিত্রের পরিচয় দাও।

(ঘ) রজনীর প্রকৃত পরিচয় উদ্‌ঘাটনে হরেকৃষ্ণ দাসের জবানবন্দীর গুরুত্ব সম্পর্কে লেখো।

(ঙ) নিয়তিবাদ সম্পর্কে রাজশেখর বসুর মতামত বুঝিয়ে লেখো।

(চ) ''.....কতকগুলি ধর্মপ্রসঙ্গের সীমাবন্ধনীতে বঙ্গীয় কবিগণের প্রতিভা আবদ্ধ ছিল।'' দীনেশচন্দ্র সেন 'প্রাচীন বঙ্গসাহিত্যের বিশেষ লক্ষণ' প্রবন্ধে তাঁর এই মন্তব্যটিকে যেভাবে বিশদ করেছেন সে সম্পর্কে লেখো।

৫। (ক) ‘পুঁইমাচা’ গল্পে গ্রামীণ সমাজ ও পারিবারিক জীবনের চিত্র কীভাবে ধরা পড়েছে, আলোচনা করো। ১০

*অথবা*

(খ) ‘ফসিল’ গল্পের বিষয়বস্তু তোমার নিজের ভাষায় লেখো।

৬। (ক) ‘সাজানো বাগান’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

(খ) ‘সাজানো বাগান’ নাটকের বাঞ্ছারাম চরিত্র বিশ্লেষণ করো।

৭। (ক) ‘সাজানো বাগান’ নাটকে প্রতিফলিত সমাজচিত্র অঙ্কন করো। ১০

*অথবা*

(খ) ‘তারিণী মাঝি’ গল্পের তারিণী মাঝির জীবনের করুণ পরিণতির স্বরূপ বিশ্লেষণ করো।

★★★





**2021**

( Held in 2022 )

BENGALI

Paper : BEN–HC–5026

( Honours Core )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশ অনুযায়ী উত্তর দাও : ১×১০=১০

(ক) শূন্যস্থান পূর্ণ করো :

“আমার চোখের পাতায় লেগে থাকে
নিকোনো উঠোনে
সারি সারি ______।”

(খ) ‘সাকিন’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(গ) “এই কবিতার জন্য আর কেউ নেই, শুধু তুমি,” —এখানে কবি ‘শুধু তুমি’ বলতে কাকে বুঝিয়েছেন?

(ঘ) ‘হারাণের নাতজামাই’ গল্পটি কোন্ আন্দোলনের পটভূমিতে রচিত?

(ঙ) তারিণী কোন্ নদীতে খেয়া পারাপার করত?

(চ) শিবচরণবাবু কোন্ গ্রামের জমিদার?

(ছ) 'পুঁইমাচা' গল্পের লেখক কে?

(জ) 'সাজানো বাগান' নাটকের দ্বিতীয় অঙ্কের মোট দৃশ্য সংখ্যা তিনটি / চারটি / পাঁচটি / ছয়টি।

( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

(ঝ) বাঞ্ছারামের নাতির নাম কী?

(ঞ) "খাঁটি কথা! এ ফলের বাগান হল গে জিলার মধ্যে সব্বোশ্রেষ্ঠ!" বক্তা কে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) কবি সুভাষ মুখোপাধ্যায়ের জন্ম ও মৃত্যু সাল লেখো।

(খ) "পিতা ও কন্যার মাঝখানে এই যে একটুখানি ছলনার অভিনয় হইয়া গেল,"—এখানে 'পিতা ও কন্যা' বলতে কাদের বোঝানো হয়েছে?

(গ) হারাণের ঘর কোন্ গ্রামের কোন্ পাড়ায় অবস্থিত?

(ঘ) "কত টাকা... কত টাকা দেবে তোকে ওই চাষার পো? পাঁচ টাকা? দশ টাকা..."—কে, কাকে উদ্দেশ্য করে এই কথা বলেছেন?

(ঙ) নকড়ি দত্তের দুই যমজ ছেলের নাম কী?





৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'যত দূরে যাই' কবিতার মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

(খ) তাৎপর্য ব্যাখ্যা করো :

"পচা পাটে এঁদো ডোবা বিষধর ফণা
ছেঁড়া কাঁথা-কাণি আর বেহুলা-যন্ত্রণা
হু হু করা কালসন্ধ্যা ভেসে আসা গানে
সায়ের ঝিয়ারি যায় অনন্ত ভাসানে।"

(গ) 'মহেশ' গল্পের ব্রাহ্মণ তর্করত্নের চরিত্র বিশ্লেষণ করো।

(ঘ) 'নোনাজল' গল্পে বর্ণিত খালাসিদের জীবনযাত্রা নিয়ে সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) 'সাজানো বাগান' নাটকের প্রথম দৃশ্য অবলম্বনে প্রেতাত্মা ছকড়ি দত্তের পরিচয় দাও।

(চ) "প্রতিমাসে পয়লা তারিখে দুখানা করে বড়ো পাত্তি দেবো।" —বক্তা কে? 'দুখানা করে বড়ো পাত্তি' বলতে এখানে কত টাকা নির্দেশ করা হয়েছে? সপ্রসঙ্গ আলোচনা করো।

৪। (ক) শক্তি চট্টোপাধ্যায়ের 'অবনী বাড়ি আছো?' কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

*অথবা*

(খ) 'নীরার জন্য কবিতার ভূমিকা' কবিতা অবলম্বনে সুনীল গঙ্গোপাধ্যায়ের প্রেমচেতনার পরিচয় দাও।